FEB. 1 3 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

[illegible]

# সকল শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রদের রাজনৈতিক কার্যকলাপ চিরতরে বন্ধ করা উচিত

## —ইঃবিঃ'র ৪৫ জন শিক্ষক

**ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ** ইসলামী বিশ্ববিদ্যালয় কুষ্টিয়ার 'পাশল ফোরাম', 'সবুজ ফোরাম' ও 'জিয়া পরিষদ' নামে ভিন্নমতের তিনটি শিক্ষক সংগঠনের সিনিয়র ৪৫ জন শিক্ষক বাংলাদেশের প্রেসিডেন্ট বিচারপতি সাহাবুদ্দীন আহমদ শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্ররাজনীতি বন্ধের জন্য গত কয়েক বছর যাবৎ যে বক্তব্য দিয়ে আসছেন তারই সাথে একাত্মতা ঘোষণা করে অনতিবিলম্বে ইসলামী বিশ্ববিদ্যালয়সহ দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের ক্যাম্পাসে ছাত্রদের অসুস্থ ও লেজুড়ভিত্তিক রাজনৈতিক কার্যকলাপ চিরতরে বন্ধ ঘোষণা করার দাবী জানিয়ে গত রবিবার এক লিখিত বিবৃতি প্রদান করেছেন।

বিবৃতিতে শিক্ষকবৃন্দ ক্যাম্পাসে ছাত্ররাজনীতি বন্ধের বিভিন্ন সুফল উল্লেখ করেন এবং দেশের অধিকাংশ জনসাধারণ ছাত্ররাজনীতি বন্ধের সপক্ষেই রায় দেবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

বিবৃতিতে স্বাক্ষরকারী শিক্ষকবৃন্দ হলেন— ডঃ এম.একিন উদ্দিন, মুহাম্মদ শাহজাহান আলী, ডঃ মোঃ মোশাররফ হোসেন, মোঃ আমীনুর রহমান, ডঃ মোঃ শওকত জাহাঙ্গীর, ডঃ আ.ফ.ম আকবর হোসাইন, ডঃ একেএম নূরুল আলম, এসএম রেজওয়ান, এএসএম শরফরাজ নওয়াজ প্রমুখ।